

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, সেপ্টেম্বর ৩, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
অবা-১ শাখা  
আদেশ

তারিখ, ১৬ ভাদ্র ১৪১২ / ৩১ আগস্ট ২০০৫

এস, আর, ও, নং ২৬৯-আইন/২০০৫।—যেহেতু, চীন, ইন্দোনেশিয়া, লাওস, উত্তর কোরিয়া এবং কম্বোডিয়ায় এভিয়ান ইনফ্লুয়েঞ্জার প্রাদুর্ভাব দেখা দিয়াছে; এবং

যেহেতু, উক্ত রোগের কারণে সরকার উপরে বর্ণিত ৫(পাঁচ)টি দেশের ১(এক) দিনের মুরগির বাচ্চা, মুরগির ডিম, হিমায়িত মুরগির মাংস, মুরগি হইতে উৎপাদিত দ্রব্যাদি, পোষ্য ও বন্য পাখি বাংলাদেশে আমদানি স্থগিত করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু, এস আর ও নং ২০-আইন/০৪, এস আর ও নং ১০৬-আইন/০৪, এস আর ও নং ১৯২-আইন/০৪, এস আর ও নং ২৮৮-আইন/০৪ এর মাধ্যমে জাপান, তাইওয়ান, থাইল্যান্ড, দক্ষিণ কোরিয়া, পাকিস্তান, ভিয়েতনাম, ভারত ও মালয়েশিয়াসহ মোট ৮টি দেশ হইতে ১(এক) দিনের মুরগির বাচ্চা, মুরগির ডিম, হিমায়িত মুরগির মাংস, মুরগি হইতে সকল প্রকার উৎপন্ন দ্রব্যাদি (বায়োলজিক্যাল প্রডাক্টসসহ), পোষ্য ও বন্য পাখি আমদানি স্থগিত করা হইয়াছিল;

সেহেতু, Imports and Exports (Control) Act, 1950 (Act No. XXXIX of 1950) এর section 3-এর sub-section (1) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত চীন, ইন্দোনেশিয়া, লাওস, উত্তর কোরিয়া এবং কম্বোডিয়া হইতেও ১(এক) দিনের মুরগির বাচ্চা, মুরগির ডিম, হিমায়িত মুরগির মাংস, মুরগি হইতে উৎপাদিত দ্রব্যাদি, পোষ্য ও বন্য পাখি বাংলাদেশে আমদানি স্থগিত করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোঃ আবদুস সামাদ  
উপ-সচিব (আইআইটি-২)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৮৪২৯)

মূল্যঃ টাকা ২.০০